48

দৈনিক ইনকিলাব

তারিখ 11 JUL 1998
পৃষ্ঠা ... কলাম ...

# কাল থেকে বিশ্ববিদ্যালয় কর্মচারীদের ১২ দিনব্যাপী ধর্মঘট শুরু হচ্ছে

মানিক মনির ।। বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় কর্মচারী ফেডারেশন (আবিকফ) আগামীকাল (রবিবার) থেকে ১২ দিনের ধর্মঘটের ডাক দিয়েছে। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নেতৃবৃন্দের সাথে আবিকফ নেতৃবৃন্দ তার কার্যালয় জাঃ বিঃ কর্মচারী সমিতি অফিসে এক জরুরী সভায় এ কর্মসূচী ঘোষণা করেন। ১২ থেকে ২৩ জুলাই পর্যন্ত ১২ দিনের এ ধর্মঘটের প্রথম ৯ দিন জরুরী বিভাগগুলো ব্যতীত অন্য সব এবং পরবর্তী ৩ দিন জরুরী বিভাগের

১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## কর্মচারী ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

পরিবহন ও টেলিফোন বিভাগসহ সর্বত্র এ ধর্মঘট পালিত হবে বলে আবিকফ নেতৃবৃন্দ জানিয়েছেন। আবিকফ ৭ দফা দাবী আদায়ের লক্ষ্যে এ ধর্মঘটের ডাক দিয়েছে। এর পূর্বে এ সংগঠনটি আরও ৬/৭ দফায় ধর্মঘট কর্মসূচী পালন করেছে। সর্বশেষ ২০ থেকে ২৮ জুন ধর্মঘটের ডাক দেয়ায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের চেয়ারম্যান কর্মচারী নেতৃবৃন্দের সাথে বসে ৭ দফা দাবীর বিষয়ে ব্যবস্থা নেয়ার আশ্বাস ও অনুরোধের প্রেক্ষিতে আবিকফ সে ধর্মঘট স্থগিত রাখে। কিন্তু জুলাইর প্রথম সপ্তাহ পর্যন্ত এ বিষয়ে কোন ব্যবস্থা না নেয়ায় আবিকফ পুনঃ এ ধর্মঘটের ডাক দেয় বলে আবিকফ সভাপতি রবিউল আলম জানিয়েছেন। কর্মচারীদের ৭ দফা দাবীর মধ্যে অন্যতম ছিল সকল বিশ্ববিদ্যালয়ে সিনেট সিন্ডিকেট ও অর্থ কমিটিসহ কর্মচারীদের স্বার্থসংশ্লিষ্ট সকল কমিটিতে কর্মচারী প্রতিনিধি রাখতে হবে। পেনশনভোগী কর্মচারীদের ২০ ভাগ কর্তন বন্ধসহ কর্তনকৃত সমুদয় টাকা ফেরত দিতে হবে।

সকল বিশ্ববিদ্যালয়ের আপগ্রেডেশন ও প্রমোশনের ক্ষেত্রে এক-তৃতীয়াংশ প্রচলিত নিয়ম বাতিল করতঃ একই নিয়ম চালু করতে হবে।

জরুরী কাজে নিয়োজিত কর্মচারীদের জরুরী ভাতা, ঝুঁকি ভাতা, ওভারটাইম বৃদ্ধিসহ নাইট এলাউন্স জরুরী ভিত্তিতে প্রদান করতে হবে আবিকফ নেতৃবৃন্দ এ সংবাদদাতাকে জানিয়েছেন যে, ১২ দিনের এ ধর্মঘটের পরেও কর্তৃপক্ষ যদি কোন ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে পরবর্তীতে তারা জরুরী বিভাগসহ অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দিতে বাধ্য হবেন।

আবিকফভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ হল ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।